**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 16-02-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**CM Meet With PM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল নতুন দিল্লির লোককল্যাণ মার্গে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে সাক্ষাৎ করেছেন। সাক্ষাৎকালে উভয়ের মধ্যে রাজ্যের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে গুরুত্বপূর্ণ আলোচনা হয়। বৈঠকে মুখ্যমন্ত্রী মাতাবাড়িতে নবআঙ্গিকে নির্মিত মাতা ত্রিপুরেশ্বরী মন্দির উদ্বোধনের জন্য প্রধানমন্ত্রী মোদীকে আমন্ত্রণ জানান। তিনি দিল্লি বিধানসভা নির্বাচনে অর্জিত সাফল্যের জন্য, জনকল্যানকামী বাজেট পেশ করার জন্য এবং ফ্রান্স ও মার্কিন যুক্তরাষ্ট্রে তাঁর সফল সফরের জন্য প্রধানমন্ত্রীকে উষ্ণ শুভেচ্ছা জানান। মুখ্যমন্ত্রী রাজ্যের উন্নয়ন সম্পর্কিত বিভিন্ন বিষয়ে প্রধানমন্ত্রীকে অবহিত করেন। এগুলোর মধ্যে রয়েছে, কৃষি উৎপাদনশীলতা বৃদ্ধি, কৃষক কল্যাণ, ত্রিপুরার যুবকদের জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, শিক্ষা ও গবেষণার প্রসারে রাজ্যে এইমস, আইআইটি এবং আইআইএম-এর মতো প্রতিষ্ঠান স্থাপন ইত্যাদি। তাছাড়া আমবাসা, গন্ডাতুইসা, অমরপুর হয়ে কমলপুর থেকে শান্তিরবাজার পর্যন্ত জাতীয় মহাসড়কের বিষয়েও আলোচনা হয়।

এদিকে, মুখ্যমন্ত্রী গতকাল নতুনদিল্লিতে স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহর সঙ্গে এক সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন। সাক্ষাৎকালে উভয়ের মধ্যে ত্রিপুরার উন্নয়নের রূপরেখা সহ গত বছরের বন্যা পরবর্তী ত্রাণ পরিষেবা সহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হয়।

************************

**Pariksha Pe Charcha :**

পরীক্ষার প্রস্তুতির সময় ইতিবাচকতার গুরুত্বকে প্রধান সহায়ক হিসাবে তুলে ধরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সবাইকে আজ সকাল দশটায় 'পরীক্ষা পে চর্চার' ষষ্ঠ পর্ব দেখার আহ্বান জানিয়েছেন। সামাজিক মাধ্যমে তিনি বলেন পরীক্ষার্থীদের অন্যতম বড় সহায়ক হলো ইতিবাচকতা। 'পরীক্ষা পে চর্চা' পর্বে এই বিষয়টি নিয়ে আলোচনা করা হবে এবং সঙ্গে থাকবেন বিক্রান্ত্ মেসি ও ভূমি পেন্দেকার এই পর্বে তাদের মূল্যবান অভিজ্ঞতা তুলে ধরবেন।

***********************

**Bharat Tex-2025 :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিকেল চারটেয় নতুন দিল্লির ভারত মণ্ডপমে 'ভারত টেক্স ২০২৫'-এ ভাষণ দেবেন। ভারত টেক্স প্ল্যাটফর্মটি টেক্সটাইল শিল্পের বৃহত্তম এবং সর্বাধিক বিস্তৃত এক আসর এর অন্তর্ভুক্ত রয়েছে মেগা এক্সপো এবং বস্ত্রশিল্প সমন্বিত সমগ্র বস্তুতন্ত্রকে তুলে ধরা এর অন্যতম উদ্দেশ্য। এতে ৭০-রেরও অধিক বৈঠক, গোলটেবিল আলোচনা, প্যানেল আলোচনা এবং মাস্টার ক্লাস থাকবে। এছাড়া থাকবে স্পেশাল ইনোভেশন ও স্টার্ট আপ প্যাভিলিয়নের প্রদর্শনী। এতে হ্যাকাথন ভিত্তিক স্টার্টআপ পিচ ফেস্ট এবং ইনোভেশন ফেস্ট, টেক ট্যাংক এবং ডিজাইন চ্যালেঞ্জ এর মত বিষয় থাকবে যা শীর্ষস্থানীয় বিনিয়োগকারীদের মাধ্যমে স্টার্টআপদের জন্য লগ্নি আকর্ষণের পর্যাপ্ত সুযোগ এনে দেবে। উল্লেখ্য, ভারত টেক্স-২০২৫ চলবে আগামী ১৭ই ফেব্রুয়ারি পর্যন্ত।

******************

**Press Club :**

আগরতলা প্রেস ক্লাবে ওয়ার্কিং জার্নালিস্ট অ্যাসোসিয়েশনের বার্ষিক সম্মেলন আজ অনুষ্ঠিত হবে । সকাল ১১টায় এই সম্মেলনের উদ্বোধন হবে । এদিকে, এই সম্মেলন উপলক্ষে গতকাল বসে আঁকো প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় । রাজ্য বিধানসভার মুখ্য সচেতক কল্যানী রায় এর উদ্বোধন করেন। পরে সন্ধ্যায় দু`দিনব্যাপী সাংবাদিকদের চিত্র প্রদর্শনী শুরু হয় । এই প্রদর্শনী আজ পর্যন্ত চলবে ।

*************************

**Comprehensive malaria mass screening program :**

স্বাস্থ্য ও পরিবার কল্যান দপ্তরের উদ্যোগে গতকাল জোলাইবাড়ি ব্লকের উপজাতি অধ্যুষিত শ্রীকান্তবাড়ি ও বীরেন্দ্রনগর ভিলেজের হরিমোহন পাড়া, অক্ষিরাম পাড়া, বৃক্ষরাম পাড়া ও পাঞ্জিরাই পাড়ায় বাড়ি বাড়ি গিয়ে রক্ত পরীক্ষা করে ম্যালেরিয়া রোগী চিহ্নিত করার কাজ করেন আশা কর্মী ও স্বাস্থ্য দপ্তরের কর্মীরা। বীরেন্দ্রনগর সাব সেন্টারের কমিউনিটি হেলথ অফিসার অজন্তা রিয়াং জানান, ভিলেজ এলাকায় ১২৩ জনের রক্তের নমুনা পরীক্ষা করা হয়। শ্রীকান্তবাড়ি সাব সেন্টারের কমিউনিটি হেলথ অফিসার শুভংকর শীল জানান, বাড়ি বাড়ি গিয়ে ৫৪৫ জনের রক্তের নমুনা পরীক্ষা করা হয়। দুইটি ভিলেজ এলাকাতে ম্যালেরিয়ায় আক্রান্ত কোন রোগী পাওয়া যায়নি বলেও জানান দুই কমিউনিটি হেলথ অফিসার।

*************************

**Distribution of ISO MARK :**

কাকড়াবন ব্লকে আয়োজিত এক অনুষ্ঠানে গতকাল এই ব্লকের সমস্ত গ্রাম পঞ্চায়েত এবং ভিলেজ কাউন্সিল এলাকার সুবিধাভোগীদের মধ্যে পানীয় জল পরিশোধক, হুইলচেয়ার এবং অগ্নি নির্বাপক যন্ত্র বিতরণ করা হয়। উপস্থিত ছিলেন বিধায়ক অভিষেক দেবরায়, জিতেন্দ্র মজুমদার, পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন সুপ্রিয়া সাহা, ভাইস চেয়ারম্যান প্রণব দাস প্রমুখ।

*****************

**All India Police Football :**

আগামী ২৪শে ফেব্রুয়ারি থেকে রাজ্যে শুরু হবে ৭৩তম বি এন মল্লিক মেমোরিয়াল অল ইন্ডিয়া পুলিশ ফুটবল চ্যাম্পিয়নশিপের আসর। পুরুষ ও মহিলা বিভাগে ১২ দিনব্যাপী এই প্রতিযোগিতা চলবে ৭ই মার্চ পর্যন্ত। এই প্রতিযোগিতা সফল করতে গতকাল আগরতলার শহীদ ভগৎ সিং যুব আবাসে ক্রীড়ামন্ত্রী টিংকু রায়ের সভাপতিত্বে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় ক্রীড়ামন্ত্রী শ্রীরায় বলেন, সর্বভারতীয় এই চ্যাম্পিয়নশিপের আসরকে সফল করার জন্য যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর সর্বতো সহযোগিতার হাত বাড়িয়ে দেবে।

সভায় পুলিশের ডি.আই.জি প্রবীর মজুমদার জানান, ৭৩তম বি এন মল্লিক মেমোরিয়াল অল ইন্ডিয়া পুলিশ ফুটবল চ্যাম্পিয়নশিপে বিএসএফ, সিআরপিএফ, আরপিএফ, সিআইএসএফ সহ মোট ৪৩টি দল অংশগ্রহণ করবে। এরমধ্যে ৩৪টি পুরুষ দল এবং ৯টি মহিলা দল। আগামী ২১শে ফেব্রুয়ারি থেকে দলগুলি রাজ্যে আসতে শুরু করবে। রাজ্যের পাঁচটি মাঠে

এই চ্যাম্পিয়নশিপের আয়োজন করা হবে। সেগুলি হলো উমাকান্ত স্টেডিয়াম, মোহনপুরের তুলাবাগান স্টেডিয়াম, জিরানীয়ায় শচীন্দ্র কলোনী মাঠ, জম্পুইজলা মাঠ এবং উদয়পুরের চন্দ্রপুর মাঠ।

প্রস্তুতি সভায় পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সহকারী সভাধিপতি বিশ্বজিৎ শীল, পুলিশের অতিরিক্ত মহানির্দেশক এম রাজা মুরুগান প্রমুখ উপস্থিত ছিলেন।

*********************

**Women's Cricket :**

টিসিএ পরিচালিত মহিলাদের আমন্ত্রণমূলক সীমিত ওভারের সিনিয়র ক্রিকেট প্রতিযোগিতার গতকাল দুটি খেলা হয়। তালতলা মাঠে ইউনাইটেড ফ্রেন্ডস ৪০৩ রানে প্রগতি প্লে সেন্টারকে এবং নরসিংগড়ের পিটিএ মাঠে নিউ প্লে সেন্টার ১১২ রানে বিদ্যাসাগর কোচিং সেন্টারকে পরাজিত করে।

********************

**Weather :**

আজ আকাশ সাধারনত পরিষ্কার থাকবে। দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৪ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস।

*********************

*********************